সংবাদ বিজ্ঞপ্তি

# ২৪ নভেম্বর থেকে শুরু হচ্ছে এয়ার এ্যাস্ট্রা'র ফ্লাইট পরিচালনা

**[ঢাকা, ১৫ নভেম্বর, ২০২২]** আগামী ২৪ নভেম্বর থেকে কমার্শিয়াল ফ্লাইট পরিচালনা শুরু করতে যাচ্ছে দেশের নতুন বেসরকারি এয়ারলাইন্স 'এয়ার এ্যাস্ট্রা'। আজ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের অভ্যন্তরীণ টার্মিনালে আয়োজিত এক অনুষ্ঠানের মধ্য দিয়ে এই ঘোষণা দেওয়া হয়। এছাড়াও এয়ার এ্যাস্ট্রার অফিসিয়াল ওয়েবসাইট উন্মোচন করেন বিমান প্রতিমন্ত্রী।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন প্রতিমন্ত্রী মো. মাহবুব আলী এমপি। এছাড়াও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের (বেবিচক) চেয়ারম্যান এয়ার ভাইস মার্শাল এম মফিদুর রহমান।

বিমান প্রতিমন্ত্রী বলেন, 'আজকে এয়ার এ্যাস্ট্রা তাদের যাত্রা শুরু করার ফলে অভ্যন্তরীণ রুটের যাত্রীদের পছন্দের সুযোগ আরও বৃদ্ধি পেলো। দেশীয় এয়ারলাইন্সগুলোর ইতিবাচক প্রতিযোগিতায় ও সহযোগিতার ক্ষেত্র প্রতিষ্ঠিত হবে যা যাত্রীদের জন্য সহায়ক হবে বলে আমি মনে করি। আশা করি এয়ার এ্যাস্ট্রা যাত্রীসেবার মান ও নিরপত্তা বজায় রেখে তাদের ফ্লাইট পরিচালনা করবে।

এয়ার এ্যাস্ট্রা'র প্রধান নির্বাহী কর্মকর্তা ইমরান আসিফ বলেন, প্রায় ৯ বছর পর বাংলাদেশে একটি নতুন এয়ারলাইন্স হিসাবে আত্মপ্রকাশ করতে পেরে এয়ার এ্যাস্ট্রা গর্বিত। আমরা নিরাপদ যাত্রীসেবা ও সময়ানুবর্তীতার মাধ্যমে যাত্রীদের সবেচয়ে পছন্দের ও নির্ভরযোগ্য এয়ারলাইন হিসাবে নিজের প্রতিষ্ঠিত করতে দৃঢ়প্রতিবদ্ধ।

আগামী ২৪ নভেম্বর ঢাকা-কক্সবাজার রুটের মধ্য দিয়ে কমার্শিয়াল ফ্লাইট অপারেশন শুরু করবে এয়ার এ্যাস্ট্রা। শুরুতে ঢাকা-কক্সবাজার-ঢাকা রুটে ৩টি ও ঢাকা-চট্টগ্রাম-ঢাকা রুটে ২ টি ফ্লাইট পরিচালনা করবে এয়ার এ্যাস্ট্রা। পর্যায়ক্রমে দেশের সব অভ্যন্তরীণ রুটেই ফ্লাইট পরিচালনা করবে এয়ার এ্যাস্ট্রা। ঢাকা থেকে কক্সবাজার এর ওয়ান ওয়ে সর্বনিন্ম ভাড়া নির্ধারণ করা হয়েছে ৪৭৯৯ টাকা এবং ঢাকা থেকে চট্টগ্রাম এর ওয়ান ওয়ে সর্বনিন্ম ভাড়া নির্ধারণ করা হয়েছে ৩৬৯৪ টাকা।

এয়ার এ্যাস্ট্রা এরই মধ্যে ঢাকায় দুটি এটিআর ৭২-৬০০ এয়ারক্রাফট ডেলিভারি নিয়েছে এবং আরও দুটি এয়ারক্রাফট চলতি বছরের মধ্যেই ডেলিভারি নেবে। ২০২৩ সালের মধ্যে এয়ার এ্যাস্ট্রা'র এয়ারক্রাফট এর বহর ১০ টিতে উন্নিত হবে। ফ্রান্সে নির্মিত এটিআর ৭২-৬০০ বর্তমান বিশ্বের সবচেয়ে আধুনিক টার্বোপ্রপ প্রযুক্তির নির্ভরযোগ্য এয়ারক্রাফট। এয়ারক্রাফটির আরামদায়ক কেবিন ৭০ জন যাত্রী বহন করার জন্য প্রস্তুত করা হয়েছে।

বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ:

সাকিব হাসান শুভ
উপ-ব্যবস্থাপক, জনসংযোগ
এয়ার এ্যাস্ট্রা
+৮৮০১৩২৪৭৩০৮২৯
sakib.shovo@airastra.com